কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
Email: krlpbs@yahoo.com, Web: www.pbs.kurigram.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪৯৫২.৫৫০.০২.০০৮.২৬. ২৫৫৯

তারিখঃ ২৯ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ জুলাই, ২০২৬ খ্রিঃ

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর "হিসাবরক্ষক/প্লান্ট হিসাবরক্ষক"- এর শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এবং কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরি বিধি-১৯৯২ (সংশোধিত- ২০১২) এর আলোকে পদোন্নতির যোগ্যতাপূর্ণ বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত সহকারী হিসাবরক্ষক/ সহকারী প্লান্ট হিসাবরক্ষকগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম ও সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|
| **হিসাবরক্ষক/ প্লান্ট হিসাবরক্ষক (০১ টি)** | (ক) সহকারী হিসাবরক্ষক/ সহকারী প্লান্ট হিসাবরক্ষক পদে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে নিয়মিত ভিত্তিতে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) অর্থ, হিসাব রক্ষণ, বাজেটিং ও বাজেট পরিকল্পনা সম্পর্কে জ্ঞান থাকতে হবে।<br>(গ) পবিসের নির্মাণ এবং পরিচালন পদ্ধতি সম্পর্কে জ্ঞান থাকতে হবে।<br>(ঘ) অবশ্যই কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।<br>(ঙ) বিগত ০৪ (চার) বছরের কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে। |

**শর্তাবলীঃ-**

০১। আবেদনকারীকে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) শিক্ষাগত যোগ্যতা, (জ) চাকুরিতে ১ম যোগদানের তারিখ এবং (ঝ) নিয়মিত করণের তারিখ সম্বলিত আবেদনপত্র **আগামী ০৪-০৮-২০২৬ খ্রি. মঙ্গলবার অফিস চলাকালীন সময়ের মধ্যে** জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম বরাবর **সরাসরি অথবা ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে** পৌছাতে হবে। উল্লিখিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। নির্ধারিত তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই-বাছাইপূর্বক বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.০৩০.৭১.০০২.২৬.৭৪, তারিখ- ০৯-০৪-২০২৬ খ্রি. মোতাবেক জারীকৃত নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ০১ (এক) টি শূন্য পদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকল শর্ত পূরণকারী ০৫ (পাঁচ) জন প্রার্থীকে স্ব-শরীরে উপস্থিত হয়ে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পত্র দ্বারা আহ্বান করা হবে।

০৩। **আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে [এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত]:-**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের সত্যায়িত ফটোকপি;

(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;

(গ) সর্বশেষ ০৪ (চার) বৎসরের কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি;

(ঘ) শিক্ষাগত সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(ঙ) সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(চ) পদোন্নতির জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তির সনদপত্র দাখিল করতে হবে।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারি মামলা চলমান নাই অথবা চার্জশিটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(জ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে শাস্তির বিবরণ এবং শাস্তি কার্যকর করার তারিখ (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে।

০৪। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না;**

(ক) কোন দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ১(এক) বছর এবং গুরুদন্ডের পরবর্তী ২ (দুই) বছরের মধ্যে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেননা;

(খ) দন্ডাদেশের দন্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত দন্ডের মেয়াদ অতিবহিত হওয়ার পর হতে (ক) এ উল্লিখিত সময়কাল গণনা হবে;

(গ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে;

(ঘ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন চলমান থাকলে;

(ঙ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(চ) **আবেদনপত্রের সাথে ক্রমিক নং- ০৩ এ চাহিত সকল প্রকার কাগজাদি দাখিল করা না হলে প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য বিবেচনা করা হবে না।**

০৫। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

০৬। আবেদনকারী যে স্থায়ী ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন সেই ঠিকানাই স্থায়ী হিসেবে গণ্য হবে।

০৭। পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধা সংরক্ষণ করা হবে।

০৮। পদোন্নতির ক্ষেত্রে কোন কোটা প্রযোজ্য হবে না। তবে কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকার আওতার স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। তথ্য গোপন করে/অসত্য তথ্য দিয়ে কেউ নিয়োগ প্রাপ্ত হলে তাকে নিয়মানুযায়ী চাকুরীচ্যুত করা হবে।

১০। নির্বাচিত প্রার্থীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কোন কারণ দর্শানো ছাড়াই এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৩। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

13.07.21
(মোঃ শামীম পারভেজ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। ।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (**বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------------------------পবিস-১/২/৩/৪।
০৫। সকল ডিজিএম, কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস।
০৬। এজিএম (ওএন্ডএম), কচাকাটা/পাঁচপীর সাব-জোনাল অফিস, কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস।
০৭। এজিএম (প্রশাসন/ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/এমএস/আইটি), কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস।
০৮। এজিএম (আইটি), কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস-**(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
০৯। নোটিশ বোর্ড, কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস।
১০। অফিস/মাস্টার কপি।

13.07.21
(মোঃ শামীম পারভেজ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)